

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৬০

২. সুনাহ (کتاب السنة)

পরিচ্ছেদঃ ২) সুন্নাত পরিত্যাগ এবং প্রবৃত্তির অনুসরণ ও বিদআত চর্চার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من ترك السنة وارتكاب البدع والأهواء

আরবী

(صحيح) وَعَنْ عَمْرِو بن زُرَارَةَ، قَالَ: وَقَفَ عَلَيَّ عَبْدُ اللَّهِ يعني ابن مسعود وَأَنَا أَقُصُّ فِي الْمَسْجِدِ، فَقَالَ: "يَا عَمْرُو لَقَدِ ابْتَدَعْتَ بِدْعَةً ضَلَالَةً، أَوَ إِنَّكَ لأَهْدَى مِنْ مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَصْحَابِهِ، وَلَقَدْ رَأَيْتُهُمْ تَفَرَّقُوا عَنِي حَتَّى رَأَيْتُ مَكَانِي مَا فِيهِ أَحَدُ". (رواه الطبراني في الكبير)

বাংলা

৬০. (সহীহ্) আমর বিন যারারাহ্ থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি কিচ্ছা কাহিনী বয়ান করছিলাম। এসময় আবদুল্লাহ বিন মাসঊদ আমার সামনে দন্ডায়মান হলেন, অতঃপর বললেনঃ হে আমর! অবশ্যই তুমি পথভ্রষ্ট বিদআত আবিস্কার করেছ, অথবা তুমি মুহাম্মাদ (সাঃ) ও তাঁর সাহাবীদের থেকে অধিক হেদায়াত প্রাপ্ত হয়ে গেছ! তিনি বলেন, আমি দেখলাম (একথা শুনে) শ্রোতারা সবাই আমার সামনে থেকে সরে গেল। এমনকি একজনও রইল না।

(ত্বাবরানী কাবীর গ্রন্থে এবং দারেমী এ হাদীছটির অনুরূপ আরো পূর্ণরুপে হাদীছটি বর্ণনা করেছেন)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আমর বিন যারারাহ্ (রহ,)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন